গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
বীর উত্তম এ, কে, খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.১৪.০০৪.১৬/ ৭১২ তারিখঃ- ১৯ /১১/২০১৫ খ্রিঃ।

বিষয়: ২০১৫-২০১৬ অর্থ বছরে "গ্রামীণ রাস্তায় ছোট ছোট (১২মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়)(২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পের আওতায় গৃহীত সেতু/কালভার্ট প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করণসহ চূড়ান্ত প্রাক্কলন দাখিল ও চূড়ান্ত বিল পরিশোধ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানান যাচ্ছে যে, ২০১৫-২০১৬ অর্থ বছরে "গ্রামীণ রাস্তায় ছোট ছোট (১২মিঃ দৈর্ঘ্য পর্যন্ত) সেতু/কালভার্ট নির্মাণ (৩য় পর্যায়)(২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ২৪/০৭/২০১২ তে একনেক কর্তৃক ১ম পর্যায়ে ০৩(তিন) বৎসর মেয়াদের জন্য অনুমোদিত হয়। ৩০/০৯/২০১৪ তারিখে মন্ত্রণালয় পিইসি সভার মাধ্যমে প্রকল্পের মেয়াদ ০১(এক) বৎসর বৃদ্ধি করে ১ম সংশোধন অনুমোদন করেন। প্রকল্পটির মেয়াদকাল জুলাই/২০১২ থেকে ৩০শে জুন/২০১৬ পর্যন্ত নির্ধারণ করা হয়। পরবর্তীতে প্রকল্পের মেয়াদকাল ঠিক রেখে একনেক কর্তৃক ১০৮৫.০৯ কোটি টাকা ব্যয়ে প্রকল্পটির ২য় সংশোধন অনুমোদন করা হয়।

২। সে মোতাবেক ২০১৫-২০১৬ অর্থ বৎসর প্রকল্পের শেষ অর্থ বৎসর এবং ৩০শে জুন/২০১৬ তে প্রকল্পের মেয়াদ শেষ হয়ে যাবে। ইতিমধ্যে বাংলাদেশের সমতল এলাকার ৬১টি জেলার ৪৬০টি উপজেলায় সেতু/কালভার্ট প্রকল্পের দরপত্র একযোগে আহবান করা হয়েছে এবং ২০/১০/২০১৫খ্রিঃ তে দরপত্র দাখিল হয়েছে। দরপত্র মূল্যায়ন করে কার্যাদেশ প্রদান পূর্বক অনতিবিলম্বে প্রকল্পের কাজ শুরু করতে হবে। কার্যাদেশ মোতাবেক কাজ শেষ করতে হবে।

৩। ৩০শে এপ্রিল/২০১৬ এর পূর্বে কাজ সমাপ্ত করে সর্বশেষ ৩০শে এপ্রিল/২০১৬ এর মধ্যে চূড়ান্ত প্রাক্কলন অধিদপ্তরের অনুমোদনের জন্য অবশ্যই প্রেরণ করতে হবে। প্রকল্পটির মেয়াদকাল ৩০শে জুন/২০১৬ এ তে শেষ হয়ে যাবে বিধায় এর পরে প্রকল্পের অপরিশোধিত অর্থ পরিশোধের আর কোন সুযোগ থাকবেনা। কাজেই প্রকল্পের শেষ বৎসর বিবেচনায় যথাসময় কাজ সমাপ্ত করে ৩০শে জুন/২০১৬ এর পূর্বে সমুদয় অর্থ ব্যয় করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। নতুবা সমস্ত দায়-দায়িত্ব উপজেলা কর্তৃপক্ষকেই বহন করতে হবে।

৪। উল্লেখ্য যে, প্রতিটি সেতু/কালভার্ট প্রকল্পের চূড়ান্ত ব্যয় কার্যাদেশ মূল্যের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। কোনক্রমেই চূড়ান্ত ব্যয় কার্যাদেশ মূল্যের বেশী হতে পারবে না। কার্যাদেশ মূল্যের অতিরিক্ত অর্থ পরিশোধের কোন সুযোগ নাই।

বিষয়টি অতীব জরুরী।

১৯/১১/১৫

(মোঃ রিয়াজ আহমেদ)
মহাপরিচালক ও প্রকল্প পরিচালক
(অতিরিক্ত স চিব)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ফোন: ৯৮৪১৫৮১
e-mail: dg@ddm.gov.bd

প্রাপক,

১। উপজেলা নির্বাহী অফিসার,
উপজেলা -------------------------------, জেলাঃ---------------------।

২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,
উপজেলা ----------------------------, জেলাঃ---------------------।

বিতরণঃ

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, ............................................।
৩। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ................................................। তাঁকে যথাসময়ে কাজ সমাপ্ত করে চূড়ান্ত প্রাক্কলন অনুমোদন ও চূড়ান্ত বিল পরিশোধের বিষয়টি নিশ্চিত করতে হবে।
৫। সংরক্ষণ নথি।